



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর।

Web: www.rpir.gov.bd; E-mail: rpi\_16058@yahoo.com

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ।

স্মারক নং-রপই/একা-০১/২০২২-

তারিখঃ ১৮/১২/২০২২খ্রিঃ।

## “উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি”


এতদ্বারা অত্র ইনস্টিটিউটে ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮-ম পর্বের (১ম ও ২য় শিফট) অধ্যয়নরত সকল শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উক্ত শিক্ষার্থীর মধ্যে যারা ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্বের পর্ব সমাপনী পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণ হয়েছে তাদের আগামী ২২/১২/২০২২খ্রিঃ তারিখের মধ্যে উপবৃত্তির আবেদন ফরম পূরণ পূর্বক নিজ নিজ বিভাগে জমাদানের জন্য বলা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের পর আর কোনো আবেদন পত্র গ্রহণ করা হবে না।

যে সকল শিক্ষার্থী ২০২১-২২ অর্থবছরে জানুয়ারি-জুন মেয়াদে উপবৃত্তি পায় নাই তাদেরকেও আবেদনপত্র স্ব স্ব বিভাগীয় প্রধানের নিকট জমা দিতে হবে।

### আবেদননের শর্তাবলী :

- ১। পূরণকৃত উপবৃত্তির ফরম (SAF)।(ওয়েবসাইট থেকে নিতে হবে।)
- ২। শিক্ষার্থীর বাবা/মা এর জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি (যার নামে একাউন্ট খোলা হয়েছে।)
- ৩। অভিভাবকের মোবাইল ব্যাংকিং (বিকাশ/নগদ/রকটে) নম্বর যা অবশ্যই নির্ভুল হতে হবে।
- ৪। মোবাইল একাউন্টধারীর নামের সাথে জাতীয় পরিচয়পত্রের (NID) নামের মিল থাকতে হবে।
- ৫। মোবাইল ফিনানসিয়াল সার্ভিস গেটওয়ে যেমন, নগদ, বিকাশ, রকেট ইত্যাদি কর্তৃক একাউন্ট নম্বর ব্লক আছে কিনা নিশ্চিত হতে হবে।
- ৬। যে সময় ইএফটির (EFT) মাধ্যমে অর্থ বিতরণ করা হবে ঐ সময় একাউন্টে কোনো সমস্যা যাতে না থাকে তা নিশ্চিত করতে হবে।
- ৭। কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে একাধিক ভাই/বোন অধ্যয়নরত থাকলে তা উল্লেখ করতে হবে।
- ৮। একই একাউন্ট নাম্বার একাধিক ব্যক্তির সমাজিক নিরাপত্তা বেষ্টনীর অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।

বিঃদ্রঃ ৮০% এর কম উপস্থিতি হলে আবেদনের প্রয়োজন নেই।



স্বাক্ষরিত/-

(মোহাম্মদ ফয়সাল মুফতী)


অধ্যক্ষ

তারিখঃ ১৮/১২/২০২২খ্রিঃ।

স্মারক নং-রপই/একা-০১/২০২২-২৫৫৬

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ


- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৩। উপাধ্যক্ষ/একাডেমিক ইনচার্জ, অত্র ইনস্টিটিউট।
- ৪। সি,আই/বিঃ প্রধানঃ- সিভিল/আর,এস/পিটি/ইটি/এমটি/ইএনটি/কম্পিঃ/ইএমটি, অত্র ইনস্টিটিউট।
- ৫। হিসাব শাখা/জেনারেল শাখা, অত্র ইনস্টিটিউট।
- ৬। নোটিশ বোর্ড, অত্র ইনস্টিটিউট।
- ৭। সংরক্ষণ নথি।



(মোহাম্মদ ফয়সাল মুফতী)

অধ্যক্ষ

রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট



রংপুর।